# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ দ্বীনের দাওয়াত

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কিছু অল্প শিক্ষিত আলেম অথবা বাংলা পড়ুয়া আধুনিক শিক্ষিত ফতোয়াবাজি করেন। তাদের এ কাজ কি যথাযথ?

অবশ্যই না। ফতোয়া দেওয়ার কাজ সকলের নয়। একমাত্র সঠিকার্থের মুফতী ছাড়া অন্য কেউ ফতোয়া দিতে পারেন না। অবশ্য ফতোয়া নকল করতে পারেন। এছাড়া যে বিষয়ে পূর্বেকার কোন ইমাম বা মুফতীর ফতোয়া নেই, সে বিষয়ে নিজের বুঝ অনুযায়ী হালাল হারাম বলার জন্য মুখ না খোলাই কর্তব্য। মহান আল্লাহ বলেছেন,

“তোমাদের জিহ্বা মিথ্যা আরোপ করে বলে আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করবার জন্য তোমরা বলো না, ‘এটা হালাল এবং এটা হারাম।’ যারা আল্লাহ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করবে তারা সফলকাম হবে না। (নাহলঃ ১১৬)

মহানবী (সঃ) বলেছেন, “যাকে বিনা ইলমে ফতোয়া দেওয়া হয়, তার গোনাহ বর্তায় মুফতির উপর।” (আবু দাউদ ৩৬৫৭, হাকেম, সঃ জামে ৬০৬৮ নং )

Source — https://www.hadithbd.com/books/link/?id=2302

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন